

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৩৭

আগরতলা, ১৮ মার্চ, ২০২৪

স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশন পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ সকালে অরুন্ধতীনগরে স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশন পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌছালে স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশনের যুগ্ম অধিকর্তা ড. উত্তম সাহা রাজ্যপালকে স্বাগত জানান। স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশনের কনফারেন্স হলে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু যুগ্ম অধিকর্তা ও অন্যান্য আধিকারিকদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

মতবিনিময়ের সময় স্টেট এগ্রিকালচার রিসার্চ স্টেশনের বিভিন্ন কর্মসূচির উপর একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। মতবিনিময় সভায় যুগ্ম অধিকর্তা রিসার্চ স্টেশনের কর্মসূচি সম্পর্কে রাজ্যপালকে বিস্তারিতভাবে অবহিত করেন। পরে রাজ্যপাল এই স্টেশনের সিড মিউজিয়াম, ধান ও অন্যান্য শস্যের প্রদর্শনীমূলক চাষের জায়গা এবং জৈব পদ্ধতিতে উৎপাদিত ফসল চাষের এলাকা পরিদর্শন করেন। এরপর তিনি সিড টেস্টিং ল্যাবরেটরি, মোবাইল সয়েল টেস্টিং ভ্যান পরিদর্শন করেন।

\*\*\*\*\*